

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ পদ্মা পানি শোধনাগার

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), পদ্মা পানি শোধনাগার

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.০০০.৭১.১৩৩.২৩ নথির বিষয়: Supply of Laboratory Re-Agent, chemicals, equipment & others related item for PWTP (lot-2) কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

নোট: ১ নোটের বিষয়: Supply of Laboratory Re-Agent, chemicals, equipment & others related item for PWTP (lot-2) কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ৫/৯/২৩ ৩:০৭ অপরাহ্ন

উপরিউক্ত বিষয়ের প্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসার পদ্মা পানি শোধনাগারের পরিচালন ও রক্ষণাবেক্ষণ কাজ চলমান আছে। বর্তমানে পানি শোধনাগার হতে দৈনিক প্রায় ২৫-৩০ কোটি লিটার পরিশোধিত পানি ঢাকা শহরের সরবরাহ নেটওয়ার্কে যুক্ত হচ্ছে। পরিশোধিত পানির গুণগত মান বজায় রাখা এবং পানি পরিশোধনে ব্যবহৃত বিভিন্ন রাসায়নিক দ্রব্যাদির সঠিক মাত্রা বজায় রাখার জন্য নিয়মিত পানির নমুনা পরীক্ষার প্রয়োজন হয়। কিন্তু প্লান্টের ল্যাবরেটরিতে প্রয়োজনীয় রাসায়নিক দ্রব্যাদি (Re-agents) ও ইকুইপমেন্ট না থাকায় পানির নমুনা পরীক্ষা করা কষ্টকর হচ্ছে। ফলে মান-নিয়ন্ত্রণ এবং পানি পরিশোধনে ব্যবহৃত রাসায়নিক দ্রব্যাদির যথাযথ পরিমাণ (Dosing) বজায় রাখাতে খুবই অসুবিধা হচ্ছে। প্রয়োজনীয় রাসায়নিক দ্রব্যাদি (Re-agents) ও ইকুইপমেন্ট না থাকায় নিয়োজিত জনবল যথাযথ কাজে লাগানো সম্ভব হচ্ছেনা। এছাড়া Raw-Water & Treated Water এর গুণগত মান পরীক্ষা করার জন্য ওয়াসা ব্যতীত বিভিন্ন প্রতিষ্ঠানের ল্যাবরেটরিতে (বুয়েট, বিসিএসআইআর, এসজিএস বাংলাদেশ, এবং বিএসটিআই) মাসিক ভিত্তিতে বিভিন্ন পেরামিটার পরীক্ষা করা হয়। তাই বিদ্যমান ল্যাবরেটরীর স্বক্ষমতা বৃদ্ধি, কর্মরত জনবল যথাযথভাবে কাজে লাগানো ও পরিশোধিত পানির যথাযথ মান-নিয়ন্ত্রণের স্বার্থে জরুরিভিত্তিতে প্রয়োজনীয় রাসায়নিক দ্রব্যাদি ও ইকুইপমেন্ট সংগ্রহ করা প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ৫/৯/২৩ ৩:১৫ অপরাহ্ন

পানি শোধনাগারের ল্যাবরেটরিতে পানির নমুনার সকল পরীক্ষাদি সম্পাদনের নিমিত্তে প্রয়োজনীয় রাসায়নিক দ্রব্যাদি (Re-agents) ও ইকুইপমেন্ট সংগ্রহের লক্ষ্যে ল্যাবরেটরী হতে চাহিদাপত্র পাওয়া গিয়াছে। উক্ত চাহিদাপত্রের ভিত্তিতে বাজার দরের আলোকে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলিত ব্যয়ের পরিমান সর্বমোট ৬২৪,৭৯,৪৮০/= (টাকা চব্বিশ লক্ষ উনআশি হাজার চারশত আশি মাত্র) টাকা। আলোচ্য কাজটি পিপিআর ২০০৮ এর বিধি ৬১ অনুযায়ী উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM e-GP) দরপত্র আহবানের মাধ্যমে সম্পন্ন করা যেতে পারে। উক্ত ব্যয় অত্র বিভাগের ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং ১২৭ প্যাকেজ APP/23-24/G/91 এ ধরা আছে।

সংযুক্তিসমূহ (১০):

- ১। ২০২৩-২৪ অর্থবছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি..pdf
- ২। ২০২১ইং তারিখে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিতে অনুষ্ঠিত অনলাইন (জুম) সভার কার্যবিবরণী।.pdf.pdf
- ৩। ল্যাব হতে প্রাপ্ত চাহিদা পত্র.pdf
- ৪। টেকনিক্যাল.pdf
- ৫। চিঠি.pdf
- ৬। ৩ কোটেশন.pdf
- ৭। ১ কোটেশন.pdf
- ৮। ২ কোটেশন.pdf
- ৯। ৪ কোটেশন.pdf
- ১০। বিভাগীয় প্রাক্কলন.pdf

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ৫/৯/২৩ ৩:১৫ অপরাহ্ন

এমতাবস্থায়, উপরের বিস্তারিত বর্ণনার আলোকে পানি শোধনাগারের ল্যাবরেটরিতে পানির নমুনার সকল পরীক্ষাদি সম্পাদনের নিমিত্তে প্রয়োজনীয় রাসায়নিক দ্রব্যাদি (Re-agents) ও ইকুইপমেন্ট সংগ্রহের করার লক্ষ্যে " Supply of Laboratory Re-Agent, chemicals, equipment & others related item for PWTP (lot-2)" কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে:-

ক) কাজটি পিপিআর-২০০৮ এর বিধি-৬১ অনুযায়ী উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM e-GP) তে দরপত্র আহবানের অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক ৬২৪,৭৯,৪৮০/= (টাকা চব্বিশ লক্ষ উনআশি হাজার চারশত আশি মাত্র) টাকার প্রাক্কলনের আর্থিক ও কারিগরি অনুমোদন।

গ) উক্ত কাজের ব্যয় পদ্মা পানি শোধনাগারের ২০২৩-২৪ অর্থবছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার ক্রমিক নং ১২৭ প্যাকেজ নং APP/23-24/G/91 এবং বার্ষিক বাজেট বরাদ্দের Water & Sewer Plant (O&M) খাত হতে প্রশাসনিক অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনার আর্থিক ক্ষমতার বন্টন অনুযায়ী এই ব্যয় অনুমোদন ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের এখতিয়ারভুক্ত। সদয় অনুমোদন দেয়া যেতে পারে।

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

৫/৯/২৩ ৩:১৬ অপরাহ্ন
অমিত বিশ্বাস
উপ-সহকারী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার

৫/৯/২৩ ৯:১৭ অপরাহ্ন
মোঃ ফরহাদ হোসেন
সহকারী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার

৬/৯/২৩ ১:৫৪ অপরাহ্ন
গাজী আসরিব বিন সালাম
নির্বাহী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার

৬/৯/২৩ ১:৫৪ অপরাহ্ন
মিজা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ৬/৯/২৩ ৬:৫৯ অপরাহ্ন

Forwarded for kind approval of paragraph:1.2

৬/৯/২৩ ৭:০০ অপরাহ্ন
মিজা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

৬/৯/২৩ ৭:০০ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ৬/৯/২৩ ৯:২৬ অপরাহ্ন

অনুমোদিত

৬/৯/২৩ ৯:২৬ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

৬/৯/২৩ ৯:২৬ অপরাহ্ন
গাজী আসরিব বিন সালাম
নির্বাহী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার

অনুচ্ছেদ ১.৫ - তারিখঃ ৬/৯/২৩ ৯:৪০ অপরাহ্ন

অনুচ্ছেদ ১.৪ এর অনুমোদনের প্রেক্ষিতে e-GP তে দরপত্র আহবানের ব্যবস্থা করুন। দরপত্র কার্যক্রম শেষে নথিটি নিষ্পত্তি করুন।

৬/৯/২৩ ৯:৪১ অপরাহ্ন
গাজী আসরিব বিন সালাম
নির্বাহী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার

১৬/৯/২৩ ৮:৩৭ অপরাহ্ন
মাহমুদ রিয়াদ
সহকারী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার

১৭/১০/২৩ ১২:১৫ অপরাহ্ন
মোঃ ফরহাদ হোসেন
সহকারী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার

৩১/১০/২৩ ৩:৩৪ অপরাহ্ন
অমিত বিশ্বাস
উপ-সহকারী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার